

মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ

ইনোভেশন আইডিয়া : তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীকে মৎস্য চাষ/ব্যবস্থাপনায় উদ্বুদ্ধকরণ ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান

সুচনা : আমাদের বেশিরভাগ গ্রামীণ জনসাধারণ দুর্গম ও প্রত্যন্ত জনপদে বসবাস করে যেখানে বছরের পর বছর একেবারেই নিস্তরঙ্গ ও তাড়নাহীন জীবনযাপন করার পরিণামে তারা জীবনে পিছিয়ে পড়ে, অল্প ও অনগ্রহী জনসংখ্যা হিসেবে দেশের বোঝায় পরিণত হয়।

বিদ্যমান সমস্যা : সময়মত মাছচাষে প্রয়োজনীয় পরামর্শ গ্রহণে প্রান্তিক চাষিদের অপারগতা বা অনীহা।

সমস্যার মূল কারণ :

- দারিদ্র্য ও অজ্ঞতা
- দুর্গম ও দূরবর্তী স্থানে অবস্থান
- যোগাযোগের প্রয়োজনীয় সহজলভ্য মাধ্যম না থাকা
- ইউনিয়ন পর্যায়ে সেবাকেন্দ্র না থাকা
- সরকারি অফিস সম্পর্কে অহেতুক ভীতি


সম্মাধান প্রক্রিয়া (থেসেস ম্যাপ) :

- লোকাল ক্যাবল অপারেটরে মাছচাষের আকর্ষণীয় ভিডিওচিত্র প্রচার।
- উদ্বুদ্ধকরণ বৈঠকের আয়োজন।
- আগ্রহী চাষিদের ডাটাবেজ তৈরি।
- সময়ে সময়ে চাষিদের করণীয় সম্পর্কে গ্রুপ এসএমএস প্রেরণ।
- পরবর্তীতে ফোনে যোগাযোগ বা ফিস্ড ভিজিটের মাধ্যমে ফিডব্যাক জানা।
- অনলাইন থেকে প্রাপ্ত গুরুত্বপূর্ণ ভিডিওচিত্র ও প্রকাশনা দপ্তরের নিজস্ব ওয়েব পোর্টালে সন্নিবেশ।
- মাছচাষের উপর স্থানীয়ভাবে ধারণকৃত আকর্ষণীয় ভিডিওচিত্রের সাথে অত্র অঞ্চলের হ্যাচারি, নার্সারি, গুণগতমানসম্পন্ন পোনা ও মৎস্যখাদ্যের প্রাপ্তিস্থান এবং যোগাযোগের প্রয়োজনীয় মোবাইল নম্বর সন্নিবেশের মাধ্যমে দাপ্তরিক ফেসবুক পেইজ সমৃদ্ধকরণ ও ব্যবহার জনপ্রিয়করণ।

অভিনবত্ব : ওয়েব পোর্টাল ও ফেসবুক পেইজ ব্যবহারের মাধ্যমে উদ্বুদ্ধ হওয়ার পাশাপাশি প্রান্তিক চাষিদের ঘরে বসে প্রাপ্ত গ্রুপ এসএমএস এর মাধ্যমে প্রয়োজনীয় তথ্য জানার সুযোগ, ফলে তাদের যাতায়াতের খরচসহ ভোগান্তি হ্রাস, একইসাথে মৎস্য উৎপাদন বৃদ্ধি ও আর্থিকভাবে লাভবান হওয়ার সুযোগ থাকায় বিশেষকরে নবীন বেকার তরুণেরা প্রতিটি জলাশয়ের প্রতি ফুট পানিতে মাছচাষের যথোপযুক্ত প্রযুক্তি ব্যবহারে আগ্রহী হয়ে উঠার প্রয়াস পাবে।

প্রত্যাশিত ফলাফল (TCV)			
	সময়(T)	খরচ(C)	যাতায়াত(V)
আইডিয়া বাস্তবায়নের পূর্বে	৩-৪ দিন	৩০০-৪০০ টাকা	৩-৪ বার
আইডিয়া বাস্তবায়নের পরে	১দিন	৫০-১০০ টাকা	১ বার
সেবাহিতার প্রত্যাশিত বেনিফিট	২-৩ দিন সাশ্রয়	৭৫-৮০% হ্রাস	২-৩ বার হ্রাস

রিসোর্স ম্যাপ			
খাত	বিবরণ	প্রয়োজনীয় অর্থ	মন্তব্য
জনবল	বিদ্যমান		
বস্তুগত	স্মার্টফোন (১টি)	৮,০০০ টাকা	নিজ অফিস ও উপজেলা পরিষদের অর্থায়ন
	স্ক্যানার (১টি)	১০,০০০ টাকা	নিজ অফিস ও উপজেলা পরিষদের অর্থায়ন
	ক্যামেরা (১টি)	৫০,০০০ টাকা	নিজ অফিস ও উপজেলা পরিষদের অর্থায়ন
অন্যান্য	এসএমএস বাস্তব, ইন্টারনেট সংযোগ	৭,৫০০ টাকা	নিজ অফিস ও উপজেলা পরিষদের অর্থায়ন
প্রয়োজনীয় মোট অর্থ		৭৫,৫০০ টাকা	


০৩/০১/২০২২
(মোঃ কামরুল হোসান সরকার)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
সাঁড়ার, ঢাকা।